

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৩৯

পর্ব-২৭: ফিতনাহ (کتاب الْفتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

الفصل الاول (بَابِ أَشْرَاط السَّاعَة)

আরবী

وَعَن أَبِي هريرةَ قَالَ: بَيْنَمَا كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحَدِّثُ إِذْ جَاءَ أَعْرَابِيُّ فَقَالَ: مَتَى السَّاعَةُ؟ قَالَ: ﴿إِذَا صَٰيِّعَتِ الْأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ» . قَالَ: كَيْفَ إِضَاعَتُهَا؟ قَالَ: ﴿إِذَا وُسِّدَ الْأَمْنُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَةَ» . رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (59) ـ (صَحِيح)

বাংলা

৫৪৩৯-[৩] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী (সা.) লোকেদের সাথে কথা বলছিলেন। এমন সময় এক বেদুইন এসে প্রশ্ন করল, কিয়ামত কখন হবে? উত্তরে তিনি (সা.) বললেন, আমানত যখন নষ্ট করা হবে তখন কিয়ামতের প্রতীক্ষা কর। লোকটি প্রশ্ন করল, তা কিভাবে নষ্ট করা হবে? তিনি (সা.) বললেন, কাজের দায়িত্ব যখন অনুপযুক্ত লোককে দেয়া হবে তখন কিয়ামতের প্রতীক্ষা কর। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৬৪৯৬, মুসনাদে আহমাদ ৮৭১৪, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ২০৮৬০, সিলসিলাতুস্ সহীহাহ ৬৯৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা:(إِذَا وُسِد) অর্থাৎ এটা মূলত বালিশ কিংবা গদি অর্থে ব্যবহৃত হয়। তখনকার আমীরগণ যখন বসতেন



তখন গদির উপর বসতেন। আলোচ্য হাদীসে ক্ষমতার মসনদ বুঝানো হয়েছে। অর্থাৎ যখন ক্ষমতার মসনদ বা সিংহাসনটি অযোগ্যদের জন্য নির্ধারিত হবে তখনই কিয়ামতের সময় ঘনিয়ে আসবে। (ফাতহুল বারী ১ম খণ্ড, পৃ. ৪৫৮, হা. ৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন